

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
চট্টগ্রাম জেলা কার্যালয়, টিসিবি ভবন (৩য় তলা), বন্দরটিলা, চট্টগ্রাম
www.dncrp.chittagong.gov.bd

স্মারক নং : ২৬.০৪.১৫০০.৩০২.০৪.৩৮৪.১৮-১৭৮

তারিখ : ০৪ সেপ্টেম্বর ২০১৮

অভিযোগ নম্বর ও তারিখ : ৩৮৪; ০৪.০৯.২০১৮

অভিযোগকারী : জনাব মোঃ সায়েম হোসাইন

প্রতিপক্ষ : ব্যবস্থাপক, পাকশি রেস্টুরেন্ট, ১৩১ কেবি ফজলুল কাদের রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম

বিষয় : ধার্যকৃত মূল্যের অধিকমূল্যে পণ্য বিক্রয় সংক্রান্ত অভিযোগের বিষয়ে শুনানির নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ সায়েম হোসাইন নামক জনৈক ভোক্তা আপনার বিরুদ্ধে ধার্যকৃত মূল্যের অধিকমূল্যে বোতলজাত পানি বিক্রয় করেছেন মর্মে অভিযোগ দায়ের করেছেন। যা ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪০ ধারা মতে দণ্ডনীয় অপরাধ। এ ধারার বিধান অনুসারে, 'ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য, ঔষধ বা সেবা বিক্রয় করিবার দণ্ড, "কোন ব্যক্তি কোন আইন বা বিধির অধীন নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে কোন পণ্য, ঔষধ বা সেবা বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করিলে তিনি অনূর্ধ্ব এক বছর কারাদণ্ড, বা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।"


এ অভিযোগের উপর নিম্নলিখিত তফশিল মোতাবেক প্রশাসনিক ব্যবস্থায় উভয় পক্ষের শুনানি গ্রহণ করা হবে।

তারিখ : ১১ সেপ্টেম্বর ২০১৮, মঙ্গলবার

সময় : বেলা ১২:৩০ ঘটিকা

স্থান : জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম জেলা কার্যালয়, টিসিবি ভবন (৩য় তলা), বন্দরটিলা, চট্টগ্রাম।

এমতাবস্থায়, বর্ণিত তারিখ ও সময়ে আপনি বা আপনার মনোনীত কোন উপযুক্ত প্রতিনিধিকে সংশ্লিষ্ট কাগজপত্রসহ এ দপ্তরে শুনানিতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মুহাম্মদ হাসানুজ্জামান)

সহকারী পরিচালক

ফোন-০৩১-৭৪০২৬৮

e-mail: ad-chittagong@dncrp.gov.bd

১। ব্যবস্থাপক, পাকশি রেস্টুরেন্ট, ১৩১ কেবি ফজলুল কাদের রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম

২। জনাব মোঃ সায়েম হোসাইন

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা
২. উপপরিচালক, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম
৩. অফিস নথি